২৫ শতাংশের বেশি কর্মকর্তা অফিস করতে পারবেন না: জনপ্রশাসন প্রতিমন্ত্রী

বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগের ২৫ শতাংশের বেশি কর্মকর্তা অফিস করতে পারবেন না বলে জানিয়েছেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন।

একটি বেসরকারি টেলিভিশনের সঙ্গে ভিডিওকলে যুক্ত হয়ে জনপ্রশাসন প্রতিমন্ত্রী এ কথা জানান।

ফরহাদ হোসেন বলেন, ‘মন্ত্রণালয়গুলোকে জানিয়ে দেয়া হয়েছে, অত্যাবশ্যকীয় যে কাজগুলো আছে এখন আমরা সেই কাজগুলো করতে চাই। সেক্ষেত্রে চার ভাগের এক ভাগ (২৫ শতাংশ) বা পাঁচ ভাগের এক ভাগ (২০ শতাংশ) কর্মকর্তা উপস্থিত থাকবেন। যারা অসুস্থ আছেন, তারা ঘরে বসে কাজ করবেন তারা অফিসে আসবেন না, এভাবে আমরা সাজিয়েছি। যাতে কেউ এখানে ইনফেক্টেড না হন।’
তিনি বলেন, ‘আমরা নিষেধাজ্ঞাসহ স্বল্প পরিসরের সরকারি অফিস খুলেছি। অনেক বেসরকারি আধা-সরকারি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বন্ধ ছিল। আমাদের ১৮টি মন্ত্রণালয় স্বল্পপরিসরে এতদিন চালু ছিল। রবিবার প্রথম দিন আমরা সচিবালয়ে যে চিত্র দেখেছি অধিকাংশ মন্ত্রণালয়, যেভাবে আমরা বলেছি যে- বয়স্ক কর্মকর্তারা আসবেন না, অসুস্থ এবং সন্তানসম্ভবা নারী কর্মকর্তারা আসবেন না, সেটা আমরা মেইনটেইন করেছি।’

তিনি বলেন, ‘রবিবার ছিল প্রথম দিন, অনেকগুলো মন্ত্রণালয় অত্যন্ত কম সংখ্যক কর্মকর্তা নিয়ে, যারা বিভিন্ন জায়গায় ঝুঁকিপূর্ণ স্থানে বসবাস করছেন, তাদের আমরা আসতে বারণ করেছি, তারা আসেননি।’

‘দর্শনার্থী যাতে সচিবালয়ে প্রবেশ করতে না পারে এজন্য এই ১৫ দিনে কোনও পাস ইস্যু করা হবে না।’

প্রতিমন্ত্রী বলেন, ‘তারপরও আমার কাছে তথ্য আসছে যে, কিছু কিছু মন্ত্রণালয়ে হয়তো প্রয়োজনের তুলনায়…. আমরা কেবল শুরু করছি, অল্প প্রয়োজনে স্বল্প পরিসরে অফিসে আসার জন্য বলা হয়েছে।’ সূত্র-বাংলাদেশ প্রতিদিন

এমপিকে স্বামী দাবি করে ফেসবুকে নারীর পোস্ট!

রাজশাহী-৪ আসনের এমপি এমানুল হককে স্বামী দাবি করে ফেসবুকে নানারকম পোস্ট দিয়েছেন এক নারী। লিজা আকতার আয়েশা নামের ওই নারী নিজেকে এমপির স্ত্রী দাবি করছেন। ওই নারীর বাড়ি নগরীর তেরোখাদিয়া এলাকায়। এর আগে তার সঙ্গে এমপি এনামুলের একাধিক ছবিও ফেসবুকে পোস্ট করেন। যা নিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে তোলপাড় চলছে।

তবে এমপি এনামুল হক দাবি করেছেন, ওই নারীর সঙ্গে তার বিয়ে হয়েছিল। আইনগতভাবে ডিভোর্সও হয়েছে। নানা সময়ে টাকার জন্য ব্লকমেইল করতে সামাজিক যোগাযোগ মাধ্যমে এভাবে তার সম্মানহানি করে। এ বিষয়ে তিনি আইনগত ব্যবস্থা নেওয়ার কথা ভাবছেন।

গত শনিবার (৩০ মে) লিজা আক্তার আয়েশা নামের ওই নারী প্রথম ফেসবুকে লিখেন, ‘এমপি সাহেবের রক্ষিতা বা প্রেমিকা নই দ্বিতীয় বউ আমি।’ আরেকটি পোস্টে তিনি লিখেন, ‘এমপি সাহেব আমার এই কথাটা যদি কারো কাছে অবিশ্বাস্য মনে হয়, তারা বিয়ের কাগজ দেখতে পারেন।’
এর দুই ঘণ্টা পরে আরেকটি পোস্টে লিখেন, ‘একজন সংসদ সদস্য অনেক বড় অবস্থানের মানুষ। তার বিরুদ্ধে চাইলেই কেউ মিথ্যা অপবাদ দিতে পারে না। আমার কথাগুলো যদি মিথ্যা হইতো তাহলে এতক্ষণে পুলিশ আমাকে থানায় নিয়ে যেতো। আমি যা কিছু বলছি এবং বলবো সব সত্যি। আপনারা আমাকে বিরক্ত না করে ধৈর্য্য ধরে পাশে থাকুন।’ এরপর এমপি এনামুলের সঙ্গে একাধিক ছবিও পোস্ট করেন লিজা।

লিজা আরেকটি পোস্টে লিখেন, ‘২০১৮ সালের ১১ মে আমাদের বিয়ে হয়। প্রথমে আট বছর আগে আমাদের বিয়ে হয় মৌখিকভাবে। তার বাগমারার বাড়িতে। কিন্তু লিখিত বিয়ের পর গত দুই বছর ধরে তিনি আমাকে গোপনে স্ত্রীর পরিচয় দিয়ে আসছেন। এখন তিনি একটি ভুয়া কাগজ করে আমাকে তালাক দিয়েছেন। সেখানে আমার স্বাক্ষর জাল করা হয়েছে। এ কারণে আমি পরিস্থিতির শিকার হয়ে আমি ফেসবুকে এসব কথা বলেছি। আমি আমার সংসার করতে চাই আমার স্বামীর সঙ্গে।’

এ প্রসঙ্গে বাংলাদেশ প্রতিদিনকে মুঠোফোনে লিজা আক্তার আয়েশা এমপি এনামুলকে নিজের স্বামী দাবি করে বলেন, ‘আমি তার বিরুদ্ধে (এমপি) মামলা করতে চাই।’ মামলা করছেন না কেন-এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, ‘আদালত খুললে মামলা করবো।’ সূ্ত্র-বাংলাদেশ প্রতিদিন

করোনায় দেশে আরও ২২ জনের মৃত্যু, আক্রান্ত ২৩৮১

করোয় আক্রান্ত হয়ে দেশে গত ২৪ ঘণ্টায় আরও ২২ জনের মৃত্যু হয়েছে। এই সময়ে ২ হাজার ৩৮১ জন শনাক্ত হয়েছেন বলে জানিয়েছে স্বাস্থ্য অধিদফতর।

এ নিয়ে দেশে মোট কোভিড-১৯ রোগী শনাক্ত হলেন ৪৯ হাজার ৫৩৪ জন এবং মারা গেলেন ৬৭২ জন।

গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ৮১৬ জন এবং মোট সুস্থ হয়েছেন ১০ হাজার ৫৯৭ জন।

সোমবার স্বাস্থ্য অধিদফতরের অতিরিক্ত মহাপরিচালক নাসিমা সুলতানা নিয়মিত ব্রিফিংয়ে জানান, গত ২৪ ঘণ্টায় ১৩ হাজার ১০৪টি নমুনা সংগ্রহ করা হয়েছে। এর মধ্যে ১১ হাজার ৪৩৯টি নমুনা পরীক্ষা করে ২ হাজার ৩৮১ জনের দেহে করোনা শনাক্ত হয়েছে। মারা গেছেন ২২ জন। এর মধ্যে পুরুষ ১৯ জন ও নারী ৩ জন।

তিনি জানান, গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ৪০৬ জন এবং মোট সুস্থ হয়েছেন ৯ হাজার ৭৮১ জন।

শনাক্ত বিবেচনায় সুস্থতার হার ২১.৩৯ শতাংশ ও মৃত্যুর হার ১.৩৬ শতাংশ।

ডা. নাসিমা আরও জানান, বয়স বিশ্লেষণে ২১-৩০ বছরের মধ্যে একজন, ৪১-৫০ বছরের মধ্যে ৮ জন, ৫১-৬০ বছরের মধ্যে ৪ জন, ৬১-৭০ বছরের মধ্যে ৭ জন এবং ৮০-১ বছরের মধ্যে ২ জন মারা গেছেন।

স্বাস্থ্য অধিদফতরের অতিরিক্ত মহাপরিচালক জানান, বিভাগভিত্তিক পরিসংখ্যানে দেখা গেছে, ঢাকা বিভাগে ১১ জন, চট্টগ্রামে ৮ জন, সিলেটে ২ জন ও বরিশাল বিভাগে একজন মারা গেছেন। এর মধ্যে হাসপাতালে ১৫ জন ও বাসায় ৬ জন মারা গেছেন। আর মৃত অবস্থায় হাসপাতালে এসেছেন একজন।

প্রসঙ্গত গত বছরের ৩১ ডিসেম্বর চীনের হুবেই প্রদেশের উহান শহর থেকে প্রথম করোনাভাইরাস শনাক্ত হয়। দেশে প্রথম কোভিড-১৯ রোগীশনাক্ত হন ৮ মার্চ এবং এ রোগে আক্রান্ত প্রথম রোগীর মৃত্যু হয় ১৮ মার্চ।

২৫ মার্চ প্রথমবারের মতো রোগতত্ত্ব, রোগনিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট (আইইডিসিআর) জানায়, বাংলাদেশে সীমিত পরিসরে কমিউনিটি ট্রান্সমিশন বা সামাজিকভাবে করোনাভাইরাসের সংক্রমণ হচ্ছে।

বাস ভাড়া বাড়ানোর সিদ্ধান্ত চ্যালেঞ্জ করে রিট

বাসভাড়া বৃদ্ধি করে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের জারি করা প্রজ্ঞাপনের বৈধতা চ্যালেঞ্জ করে রিট দায়ের হয়েছে।

সোমবার সুপ্রিম কোর্টের আইনজীবী হুমায়ন কবির পল্লব হাইকোর্টে রিটটি করেন।

প্রসঙ্গত, করোনাভাইরাস পরিস্থিতিতে গণপরিবহনের ভাড়া ৬০ শতাংশ বাড়িয়ে রোববার প্রজ্ঞাপন জারি করে সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।

এর আগে বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) ৮০ শতাংশ ভাড়া বাড়ানোর প্রস্তাব করে। সেতু মন্ত্রণালয় বাস ও মিনিবাসে ভাড়া ৬০ শতাংশ বাড়ানোর সিদ্ধান্ত নিয়ে প্রজ্ঞাপন জারি করা হয়।

রিটকারী আইনজীবী হুমায়ন কবির বলেন,রিট আবেদন বিচারপতি জেবিএম হাসানের ভার্চুয়াল হাইকোর্ট বেঞ্চে শুনানি হবে।

আবেদনে বলা হয়েছে, গণপরিবহনে দেশের নিম্ন ও মধ্যবিত্তের মানুষ যাতায়াত করেন। দেশের এই ক্রান্তিলগ্নে গণপরিবহনের ভাড়া বৃদ্ধি যুক্তিযুক্ত হয়নি।

অবশ্য সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরের দাবি, মন্ত্রণালয়ের পক্ষ থেকে করোনাভাইরাস পরিস্থিতিতে যৌক্তিকভাবে বাস ভাড়া নির্ধারণ করা হয়েছে। বিআরটিএ যে প্রস্তাব দিয়েছে তার থেকে কমিয়ে এ বিষয়ে প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

এদিকে বাসভাড়া বাড়ানোর সিদ্ধান্ত প্রত্যাহার করতে সোমবার সকালে মন্ত্রণালয়কে আইনি নোটিশ দিয়েছেন এক আইনজীবী। সূত্র-যুগান্তর

গাংনীর বামন্দিতে সুন্দরী হত্যা কান্ডে অজ্ঞাত আসামি করে মামলা

মেহেরপুরের গাংনী উপজেলার বামুন্দিতে সুন্দরী খাতুন কে হত্যা ও স্বামীকে গুরুতর জখম করে তালাবদ্ধ করে রাখার অপরাধে মামলা দায়ের হয়েছে।

গত শুক্রবার সন্ধ্যা সাড়ে ৭ টার দিকে সুন্দরী খাতুনের ভাগ্নে উপজেলার নওদা মটমুড়া গ্রামের মৃত হারান মণ্ডলের ছেলে রেজাউল হক বাদী হয়ে অজ্ঞাতনামা ব্যক্তিদের আসামি করে গাংনী থানায় একটি হত্যা ও জখম মামলা দায়ের করেন।

যার মামলা নাম্বর ২৪ তারিখ: ২৯/০৫/২০২০ ইং ধারা: ৪৪৮, ৩২৪, ৩২৬, ৩০৭, ৩০২ ও ৩৪.

এ মামলার তদন্তকারী কর্মকর্তা হলেন জেলা গোয়েন্দা শাখার পুলিশ পরিদর্শক (নিঃ) জুলফিকার আলী।

দেশে পহেলা মে ৮,২৩৮ জন করোনা রোগী, আজ ৩১ মে ৪৭,১৫৩

প্রতিদিনই করোনায় আক্রান্ত ও মৃত্যুর সংখ্যা বাড়ছে দেশে। গত ৮ মার্চ দেশে প্রথম করোনা রোগী শনাক্ত হয়। এদিন ৩ জনের শরীরে মহামারী এই ভাইরাস ধরা পড়ে। চলতি মে মাসের শুরুতে সেই সংখ্যা বেড়ে দাঁড়ায় ৮ হাজার ২৩৮ জনে। আর আজ মাস শেষে ৩১ মে দেশে মোট করোনা আক্রান্তের সংখ্যা দাঁড়াল ৪৭ হাজার ১৫৩ জনে। এই সময়ে সারাদেশে নমুনা সংগ্রহ-পরীক্ষা, করোনায় মৃত্যু ও সুস্থ হওয়ার সংখ্যায় তুলনামূলকভাবে বেড়েছে।

এছাড়া গত ২৪ ঘণ্টায় দেশে করোনাভাইরাসে (কোভিড-১৯) আক্রান্ত হয়ে আরও ৪০ জনের মৃত্যু হয়েছে। দেশে করোনা হানা দেয়ার পর এটি এখন পর্যন্ত সর্বোচ্চ মৃত্যুর রেকর্ড। এ নিয়ে মোট মৃতের সংখ্যা দাঁড়াল ৬৫০ জনে। আজ রবিবার দুপুরে স্বাস্থ্য বুলেটিনে স্বাস্থ্য অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক (মহাপরিচালকের দায়িত্বপ্রাপ্ত) অধ্যাপক ডা. নাসিমা সুলতানা এ তথ্য জানান।

তিনি আরও বলেন, গত ২৪ ঘণ্টায় দেশে নতুন করে আরও ২ হাজার ৫৪৫ জনের শরীরে করোনাভাইরাসের সংক্রমণ শনাক্ত হয়েছে। সব মিলিয়ে মোট আক্রান্তের সংখ্যা বেড়ে দাঁড়াল ৪৭,১৫৩ জনে। একই সময়ে নতুন করে ৪০৬ জন সুস্থ হয়েছেন। এ নিয়ে মোট সুস্থ হলেন ৯৭৮১ জন।
এর আগে পহেলা মে নতুন করে করোনা শনাক্ত হয় ৫৭১ জনের। সব মিলিয়ে এদিন দেশে করোনা আক্রান্তের সংখ্যা দাঁড়ায় ৮,২৩৮ জনে। এই সময়ে দেশে মোট মৃত্যুর সংখ্যা ছিল ১৭০ জন এবং মোট সুস্থ হয়ে বাড়ি ফেরার সংখ্যা ছিল ১৭৪ জন। সূত্র-বাংলাদেশ প্রতিদিন

গত ২৪ ঘণ্টায় দেশে ২৫৪৫ জনের শনাক্ত, আরও ৪০ জনের মৃত্যু

গত ২৪ ঘণ্টায় দেশে নতুন করে আরও ২৫৪৫ জনের শরীরে করোনাভাইরাসের সংক্রমণ আরও ৪০ জনের মৃত্যু হয়েছে। এতে মোট আক্রান্তের সংখ্যা হয়েছে ৪৭ হাজার ১৫৩।

আজ রবিবার দুপুরে করোনা পরিস্থিতি নিয়ে স্বাস্থ্য বুলেটিনে স্বাস্থ্য অধিদফতরের অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) অধ্যাপক নাসিমা সুলতানা এ তথ্য জানান।

দেশে গত ২৪ ঘণ্টায় আরও ৪০ জনের প্রাণ কেড়ে নিয়েছে করোনা। এতে ভাইরাসটিতে মোট মৃতের সংখ্যা দাঁড়াল ৬৫০ জনে।

গাংনীতে ধর্মচাকী প্রাথমিক বিদ্যালয়ের দ্বিতল ভবন নির্মাণ কাজের উদ্বোধন

৬০ লক্ষ ৫৩ হাজার ২’শ টাকা ব্যয়ে গাংনী উপজেলার ধর্মচাকী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের দ্বিতল ভবনের নির্মাণ কাজের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়েছে।

শনিবার সকাল ১০ টার সময় ধর্মচাকী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নির্ধারিত স্থানে ভিত্তিপ্রস্থর স্থাপনের শুভ উদ্বোধন করা হয়। বিদ্যালয়ের প্রধান শিক্ষক সেলিম রেজা’র সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ভিত্তিপ্রস্তর উদ্বোধন করেন মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন।

প্রধান অতিথি তাঁর সংক্ষিপ্ত বক্তব্যে বলেন, বিদ্যালয়টির দ্বিতল ভবনের অনুমোদন অনেক আগে হয়ে থাকলেও ডিজাইনের কিছুটা পরিবর্তন করার জন্য কাজটি বন্ধ ছিল। পূর্বের ডিজাইন মত ভবনটি করা হলে

বিদ্যালয়ের খেলার মাঠটি সংকীর্ণ হয়ে যেত। সে কারণে এলাকাবাসীর দাবির প্রেক্ষিতে বিল্ডিং এর নকশায় কিছুটা পরিবর্তন এনে পুনরায় বিল্ডিং তৈরির কার্যক্রম শুরু করা হয়।

এরই ধারাবাহিকতায় শনিবার সকাল সাড়ে ১০টার দিকে এমপি সাহিদুজ্জামান খোকন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিদ্যালয়টির ভিত্তিপ্রস্তর শুভ উদ্বোধন ঘোষণা করেন।

এ সময় উপজেলা প্রকৌশলী এলজিইডি গোলাপ আলী শেখ, উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা, ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আকরাম আলী, ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি গোলাম মোস্তফা, সাধারণ সম্পাদক আহাদ উদ্দিন, ঠিকাদার ফারুক হাসান, ভোমরদহ ধর্মচাকী (বি.ডি) মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক একলাচুর রহমান বাবু, সাবেক ইউপি সদস্য ও ভোমরদহ-ধর্মচাকী (বি.ডি) মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি দাউদ হোসেনসহ স্থানীয় নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

বিল্ডিংটির প্রকল্পিত ব্যয়: ৬০ লক্ষ ৫৩ হাজার ২’শ টাকা।

মেহেরপুর প্রতিদিন পত্রিকার ‘কুষ্টিয়া ব্যুরো’ অফিস উদ্বোধন

মেহেরপুর প্রতিদিন পত্রিকার কুষ্টিয়া ব্যুরো অফিস উদ্বোধন হয়েছে।

শনিবার বিকালে শহরের পাঁচ রাস্তা মোড়ে তমিজউদদীন সুপার মার্কেটের দোতলায় সামাজিক দুরত্ব বজায় রেখে এক সংক্ষিপ্ত আলোচনা সভা শেষে ফিতা কেটে ব্যুরো অফিস উদ্বোধন করেন লেখক ও গবেষক ড. আমানুর আমান।

এসময় তিনি বলেন, সংবাদপত্র হচ্ছে সমাজের দর্পন। সমাজ উন্নয়নে সংবাদপত্র এবং সাংবাদিকতার গুরুত্ব অপরিসীম।

তিনি বলেন, স্থানীয় কিংবা জাতীয় পত্রিকার মতো দৈনিক মেহেরপুর প্রতিদিন আঞ্চলিক বিভিন্ন সংকট, সমস্যা এবং সম্ভাবনা নিয়ে বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশনের মাধ্যমে সাহসী ভূমিকা রাখবে বলে আমি বিশ্বাস করি। মেহেরপুরের মতো ছোট এক জেলা থেকে পত্রিকা প্রকাশ এবং তা পাশ্ববর্তী জেলায় প্রচার প্রচারনার সত্যি আনন্দের বিষয় বলেও উল্লেখ করেন তিনি।

তিনি আরও বলেন, কুষ্টিয়ার তরুণ সাংবাদিক এসএম জামালকে পত্রিকাটির দায়িত্ব দেওয়ায় তার মাধ্যমে এই কুষ্টিয়ার উন্নয়ন ও সম্ভাবনার চিত্র তুলে ধরতে সহায়ক ভুমিকা পালন করবে। আজকের এই শুভ দিনে সৃজনশীল সংবাদ পরিবেশনের ক্ষেত্রে দৈনিক মেহেরপুর প্রতিদিন কলেবর আরো বৃদ্ধি এবং উত্তরোত্তর উন্নতি কামনা করে এই অফিসের শুভ উদ্বোধন ঘোষণা করছি।

এসময় মেহেরপুর প্রতিদিন পত্রিকার সম্পাদক ইয়াদুল মোমিন, যুগ্ম সম্পাদক আল-আমিন, ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু, চীফ রিপোর্টার মুর্তজা ফারুক রুপক, মেহেরপুর প্রতিদিন পত্রিকার কুষ্টিয়া ব্যুরো প্রধান এসএম জামাল সংক্ষিপ্ত বক্তব্য রাখেন।

মেহেরপুর প্রতিদিন পত্রিকার সম্পাদক ইয়াদুল মোমিন বলেন, তিন বছরে পা দিয়েছে মেহেরপুর প্রতিদিন পত্রিকা। এটি মেহেরপুর, চুয়াডাঙ্গা, ঝিনাইদহে ব্যাপক প্রচার প্রচারনা রয়েছে। এই কুষ্টিয়া ব্যুরো অফিস উদ্বোধনের মধ্য দিয়ে এ জেলার উন্নয়ন ও সম্ভাবনার কথা তুলে ধরে পাঠক প্রিয়তা পাবে বলে আমি বিশ্বাস করি।

তিনি আরও বলেন, বৈশ্বিক করোনা মহামারীতেও যখন প্রিন্ট পত্রিকার প্রকাশনা বন্ধ সেখানে প্রতিদিন এ পত্রিকাটি প্রকাশিত হয়ে আসছে। এই পত্রিকার মাধ্যমে গ্রেটার কুষ্টিয়াকে তুলে ধরতে চাই বিশ্বের দরবারে।

পত্রিকার ব্যাবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু বলেন, আঞ্চলিক পত্রিকার গুরুত্ব ব্যাপক। এসব আঞ্চলিক পত্রিকা অঞ্চল ভেদে সংবাদের গুরুত্ব তুলে ধরে থাকে। আঞ্চলিক কাগজের আলাদা একটি বৈশিষ্ট্য আছে। তাই সকলের সহযোগিতায় এই মেহেরপুর প্রতিদিন পত্রিকা আঞ্চলিক পত্রিকার স্বীকৃতি পাবো এমনটাই আশাবাদ ব্যক্ত করেন।

অনুষ্ঠানে প্রধান সমন্বয়ক এস এম জামাল বলেন, সাংবাদিকতার পথিকৃৎ কাঙ্গাল হরিনাথ মজুমদার এই কুষ্টিয়া তথা কুমারখালিতে জন্মগ্রহন

করেছেন। গ্রাম বার্তা প্রকাশিকার মধ্য দিয়ে তিনি সমাজের নির্যাতিত নিপীড়িত মানুষের কথা তুলে ধরেছেন। তাঁর হাত ধরেই এই কুষ্টিয়া জেলা সাংবাদিকতার উর্বরভুমি হিসেবেও পরিচিতি লাভ করেছে।

এ জেলা থেকে সাপ্তাহিক, পাক্ষিক ও দৈনিক মিলিয়ে প্রায় ৫৬ টি পত্রিকা প্রকাশ হয়ে আসছে। পত্রিকার এই ভীড়ে মেহেরপুর প্রতিদিন পত্রিকার এই কুষ্টিয়া ব্যুরো অফিস আমাদের পত্রিকার নতুন মাইল ফলক হিসেবে কাজ করবে। তাই কুষ্টিয়ার উন্নয়ন ও সম্ভাবনার কথা তুলে ধরে মেহেরপুর প্রতিদিন পত্রিকাকে সামনের দিকে এগিয়ে নিয়ে যেতে সকলের সহযোগিতা কামনা করেন।

এসময় প্রতিদিনের সংবাদের কুষ্টিয়া প্রতিনিধি রবিউল ইসলাম ইভান, আন্দোলনের বাজার পত্রিকার ভেড়ামারা প্রতিনিধি আবু ওবাইদা আল মাহাদী, ক্যামেরাপারসন রাশেদ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে সাব্বিরের উদ্যোগে সবজি বিতরণ

বর্তমান করোনা পরিস্থিতিতে মানবেতর জীবনযাপন করছেন সমাজের নিম্ন এবং নিম্নমধ্যবিত্ত পরিবারের সদস্যরা। অনাহারে কাটছে অনেক মানুষের জীবন। সমাজের মানুষদের এই অসহায়ত্ব পাশে দাড়িয়েছেন মেহেরপুরের মুখার্জি পাড়ার সাব্বির আহমেদ।

শনিবার সকাল ১০ টায় মেহেরপুরের থানা চত্বর এলাকায় সবজি বিতরণ করেন।

তিনি বলেন, বিগত ৫০ দিন যাবৎ খাদ্য সামগ্রী বিতরণের কাজ করছি। টিউশনির টাকা থেকে শুরু হলেও বর্তমানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক,আত্মীয়-স্বজন এবং মেসডা নামক সংগঠনের সহযোগিতায় অসহায় মানুষদের মাঝে খাদ্য সামগ্রী পৌঁছিয়ে দিয়ে কাজ করে যাচ্ছি।

সাব্বিরের নেওয়া উদ্যোগের মধ্যে রয়েছে মানবতার দেয়ালের আদলে খাদ্য সামগ্রীর ফ্রি দোকান, ইদ উপহার, ইফতার সামগ্রী, বাড়ি বাড়ি

খাদ্য সামগ্রী, সবজি যাবে আপনার বাড়ি, প্রয়োজনীয় ঔষধ, মাস্ক বিতরণ, সচেতনতামূলক লিফলেট বিতরণ, জীবাণুনাশক ব্লিচিং পাউডার স্প্রে সহ আরো অনেক কার্যক্রম। জানা যায়, মানুষের সহযোগিতা অব্যাহত থাকলে তাদের এইসব কার্যক্রম অব্যাহত থাকবে।

স্বেচ্ছাসেবক হিসেবে কাজ করছে নাঈম, রাব্বি, আকাশ, বর্ষা, নান্নু, পিয়াস, বন্না, তানভীর, আকাশ সহ অনেকে।